

## রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ সপ্তদশ অধ্যায়- সুন্নত ও নফল রোযা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

নফল রোযার জন্য নিয়ত

নফল রোযার নিয়ত ফজরের আগে থেকে হওয়া জরুরী নয়। বরং দিনের বেলায় সূর্য ঢলার আগে বা পরে নিয়ত করলেই রোযা শুদ্ধ হয়ে যায়। অবশ্য ফর্য রোযার বেলায় তা হয় না- যেমন পূর্বেই এ কথা আলোচিত হয়েছে। তবে নফল রোযার ক্ষেত্রেও শর্ত হল, যেন নিয়ত করার আগে ফজর উদয় হওয়ার পর কোন রোযা নষ্টকারী জিনিস ব্যবহার না করা হয়। বলা বাহুল্য, যদি তা (পানাহার বা অন্য কিছু) ব্যবহার করে থাকে তাহলে রোযা হবে না।

এ কথার দলীল মা আয়েশার হাদীস; তিনি বলেন, একদা নবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) তাঁর নিকট এসে জিজ্ঞাসা করলেন, "তোমাদের কাছে (খাবার) কিছু আছে কি?" বললেন, 'জী না।' মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) তখন বললেন, "তাহলে আজকে আমি রোযা থাকলাম।"[1]

আর এই আমল ছিল সাহাবা (রাযি,)-দের।[2]

কিন্তু জানার কথা যে, দিনের বেলায় নিয়ত করলে, কেবল নিয়ত করার পর থেকেই সওয়াবের অধিকারী হবে। সুতরাং কেউ সূর্য ঢলার সময় নিয়ত করলে সে কেবল অর্ধেক রোযার সওয়াব প্রাপ্ত হবে; তার বেশী নয়।[3] যেহেতু প্রিয় নবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, "যাবতীয় আমল নিয়তের উপর নির্ভরশীল। সুতরাং প্রত্যেক ব্যক্তির তা-ই প্রাপ্য হয়, যার সে নিয়ত করে থাকে।"[4]

## ফুটনোট

- [1] (মুসলিম ১১৫৪নং, প্রমুখ)
- [2] (দ্রঃ বুখারী ৩৭৯পৃঃ)
- [3] (আশশারহুল মুমতে' ৬/৩৭২-৩৭৪)
- [4] (বুখারী ১নং, মুসলিম ১৯০৭নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4180

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন